SL.No-17368

RECEIVED
Date: 01/11/26
Time: 10:09 AM
Signature:
REHAB

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.powerdivision.gov.bd



স্মারক নং-২৭.০০.০০০০.০০০.০৯৬.০৫.০০১১.২৬.৪০২

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

**বিষয়: 'বাংলাদেশ সোলার এক্সপো ২০২৬'-এ অংশগ্রহণ ও পরিদর্শন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে নবায়নযোগ্য জ্বালানির উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, সৌরবিদ্যুৎ খাতে বিনিয়োগ সম্প্রসারণ, অর্থায়ন ও প্রযুক্তিগত সহযোগিতার সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ ও ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল)-এর যৌথ উদ্যোগে আগামী ৩–৪ নভেম্বর ২০২৬ তারিখে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, ঢাকায় **'বাংলাদেশ সোলার এক্সপো ২০২৬'** আয়োজন করা হয়েছে। উক্ত এক্সপোর উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। দেশের শিল্প, বাণিজ্য ও সেবা খাতে সৌরবিদ্যুতের ব্যবহার সম্প্রসারণের উল্লেখযোগ্য সম্ভাবনা রয়েছে। বিশেষত শিল্পকারখানা, বাণিজ্যিক ভবন, আবাসন প্রকল্প ও অন্যান্য স্থাপনার অব্যবহৃত ছাদে সৌরবিদ্যুৎ স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ ব্যয় সাশ্রয়, পরিচ্ছন্ন জ্বালানির ব্যবহার বৃদ্ধি এবং দীর্ঘমেয়াদে ব্যবসায়িক প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নের সুযোগ রয়েছে। এ প্রেক্ষাপটে আয়োজিত এক্সপোতে সৌরবিদ্যুৎ স্থাপনের প্রযুক্তি, নীতিগত সুবিধা, বিনিয়োগ ও অর্থায়নের সুযোগ এবং বাস্তবায়নসংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রদর্শনী ও সেমিনারের আয়োজন করা হয়েছে। এতে সৌরবিদ্যুৎ সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান, প্রযুক্তি সরবরাহকারী, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন।

০৩। এক্সপোতে অংশগ্রহণের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্প ও ব্যবসায়ী সংগঠনের সদস্য প্রতিষ্ঠানসমূহ সৌরবিদ্যুৎ স্থাপনের সম্ভাবনা সম্পর্কে সরাসরি ধারণা লাভের পাশাপাশি প্রযুক্তি সরবরাহকারী, সেবাপ্রদানকারী ও অর্থায়নকারী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং ভবিষ্যৎ বিনিয়োগ ও সহযোগিতার সুযোগ অন্বেষণ করতে পারবে। এ ছাড়া সদস্য প্রতিষ্ঠানসমূহের বাস্তব অভিজ্ঞতা, চাহিদা ও মতামত দেশের সৌরবিদ্যুৎ সম্প্রসারণ কার্যক্রমকে আরও কার্যকর ও বাস্তবমুখী করতে সহায়ক হবে।

০৪। এমতাবস্থায়, 'বাংলাদেশ সোলার এক্সপো ২০২৬'-এ আপনার এবং আপনার প্রতিষ্ঠানের সদস্যদের অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ই-মেইল: re-2@pd.gov.bd
মোবাইল: +৮৮০১৭১৭-২৩৪৫৫৭


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (BGMEA), ঢাকা।
২। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (BKMEA), ঢাকা।
৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (BTMA), ঢাকা।
৪। সভাপতি, বাংলাদেশ টেরি টাওয়েল অ্যান্ড লিনেন ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BTTLMEA), ঢাকা।

৫। সভাপতি, বাংলাদেশ প্যাকেজিং অ্যান্ড অ্যাকসেসরিজ ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BPAMEA; পূর্বনাম BGAPMEA), ঢাকা।
৬। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BPGMEA), ঢাকা।
৭। সভাপতি, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (BSMA), ঢাকা।
৮। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (BACI), ঢাকা।
৯। সভাপতি, বাংলাদেশ অ্যাগ্রো-প্রসেসরস অ্যাসোসিয়েশন (BAPA), ঢাকা।
১০। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ (BAPI), ঢাকা।
১১। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BFFEA), ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশন (BTA), ঢাকা।
১৩। সভাপতি, লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (LFMEAB), ঢাকা।
১৪। সভাপতি, বাংলাদেশ জুট মিলস অ্যাসোসিয়েশন (BJMA), ঢাকা।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশন (BJSA), ঢাকা।
১৬। সভাপতি, বাংলাদেশ পেপার মিলস অ্যাসোসিয়েশন (BPMA), ঢাকা।
১৭। সভাপতি, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BCMEA), ঢাকা।
১৮। সভাপতি, বাংলাদেশ গ্লাস ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (BGMA), ঢাকা।
১৯। সভাপতি, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন (BCIA), ঢাকা।
২০। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (BCI), ঢাকা।
২১। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (DCCI), ঢাকা।
২২। সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (MCCI), ঢাকা।
২৩। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (CCCI), চট্টগ্রাম।
২৪। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (FBCCI), ঢাকা।
২৫। সভাপতি, ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অব বাংলাদেশ (IBFB), ঢাকা।
২৬। সভাপতি, ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (FICCI), ঢাকা।
২৭। সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (BWCCI), ঢাকা।
২৮। সভাপতি, বাংলাদেশ লেবেল ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BLMEA), ঢাকা।
২৯। সভাপতি, এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (EAB), ঢাকা।
৩০। সভাপতি, রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB), ন্যাশনাল প্লাজা, ১/জি ফ্রি স্কুল স্ট্রিট, সোনারগাঁও রোড, ঢাকা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ;
২। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ;
৩। ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত), ইডকল, ইউটিসি বিল্ডিং, কারওয়ান বাজার, ঢাকা;
৪। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় [মন্ত্রীর সদয় অবগতির জন্য];
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় [প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য];
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিবের সদয় অবগতির জন্য); এবং
৭। অফিস কপি।